মাননীয়,

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালত, ফেনী

জেলা- ফেনী

মামলা নং- মিছ      /২০২২ ইং

নয়ন (৩৭), পিতা- হাজি আব্দুল বারিক, সাং- রুহিতিয়া, পোঃ- ফকির হাট, থানা- ফেনী সদর, জেলা- ফেনী

............ প্রার্থীক।

১। টিপু সোলতান (৪৯),

২। রহিম মিয়া (৪২),

৩। আব্দুল করিম (সাজু) (৪০),

সর্ব পিতা- হাজী আব্দুল গোফরান,

৪। সরিফ উদ্দিন (দিপু) (২৮), পিতা- সাহাব উদ্দীন টিপু,

৫। মমনা বেগম (৩৫), স্বামী- আব্দুল করিম (সাজু),

সর্ব সাং- রুহিতিয়া, পোঃ- ফকির হাট, থানা- ফেনী সদর, জেলা- ফেনী, জেলা- ফেনী।

............প্রতিপক্ষগণ।

১। আখিঁ খাতুন (৬৫), স্বামী- হাজী আবদুল বারীক,

২। ফাহিমা আক্তার (৪৫), স্বামী নরুন নবী,

৩। মোহাম্মদ রাজু (মেম্বার) (৪৫), পিতা- অজ্ঞাত,

সর্ব সাং- রুহিতিয়া, ৫নং কাজিরবাগ ইউনিয়ন, থানা- ফেনী সদর, জেলা- ফেনী।

৪। আলেয়া বেগম (৫৫), স্বামী- মোহাম্মদ বাবুল হোসেন, সাং- ফরিকোট, পোঃ গুনবতি, থানা- চৌদ্দগ্রাম, জেলা- কুমিল্লা।

৫। স্বপ্না আক্তার (২৬), স্বামী- নয়ন, সাং- রুহিতিয়া, ৫নং কাজিরবাগ ইউনিয়ন, থানা- ফেনী সদর, জেলা- ফেনী।

............... স্বাক্ষীগণ।

ঘটনার তারিখ ও সময়ঃ ১৪/১১/২০২২ইং রোজ সোমবার,

ঘটনার সময়ঃ সকাল আনুমানিক ১১ ঘটিকা,

স্থানঃ বাদীর বসত বাড়ী সংলগ্ন ভিটি।

চলমান পাতা-১/২



বিষয়ঃ মোকদ্দমার ফৌজদারী কার্যবিধি আইনের ১৪৫ ধারা।

নিবেদন এই,

অত্র মামলার প্রার্থী একজন সহজ সরল ব্যক্তি বটে। বটে। বাদী ১/২/৩নং প্রতিপক্ষগণ মোট ০৯ জন আপন ভ্রাতা ভগ্নী হয়। বাদীসহ ভ্রাতা ভগ্নীগনের পিতা জনাব আবদুল বারীক নিম্ন তফশীলোক্ত বি/এস ১৫০নং খতিয়ান, ডিপি- ১০৬২নং খতিয়ানে মালিক থাকিয়া মৃত্যকালে ০১ স্ত্রী, ০৪ পুত্র, ০৫ কন্যা বিত্তভোগী ওয়ারিশ রাখিয়া যায়। বিগত ২৫/১০/২০২২ইং তারিখে ১/২/৩নং প্রতিপক্ষ ভ্রাতাগণ কোন প্রকার বন্টন কিংবা সমঝোতা আপোষ না করিয়া গায়ের জোরে রাস্তার পার্শে মূল্যবান জমিসমূহ ভরাট করিয়া অন্যান্য এজমালি কৃষি আবাদী জমি খানা খন্দন করিয়া জলাশে রুপান্তর ক্রমে অন্যান্য ভ্রাতা ভগ্নীগণের মূল্যবান ভূমি নষ্ট করিয়া ফেলিবার সময় বাদীসহ তদ মাতা ১নং স্বাক্ষী এবং ২/৪নং স্বাক্ষী ভগ্নীগন বাধা প্রদান করিলে ১/২/৩নং প্রতিপক্ষগণ বাদী এবং ১/২/৪নং স্বাক্ষীগণকে মারধরের জন্য উদ্ধত হইলে ৩নং স্বাক্ষী স্থানীয় মেম্বারসহ অন্যান্য স্থানীয় বাসিন্দাগণ বাদী ও ১/২/৪নং স্বাক্ষীগণকে কোনমতে রক্ষা করে। যাহার প্রেক্ষিতে উক্ত স্থানে ভীতিকর ও শান্তি শৃঙ্খলা বিনষ্টের মত অবস্থার সৃষ্টি হয়। পরবর্তীতে এলাকার মান্যগন্য ব্যক্তিগণ বিষয়টি পারিবারিক ও স্থানীয় সালিশের মাধ্যমে নিষ্পত্তির মাধ্যমে প্রতিশ্রুতি প্রদান করায় বিষটি মিমাংশার জন্য থাকে। আপোষ বৈঠকের কোন সিদ্ধান্ত না মানিয়া পুনঃরায় বিগত ১৪/১১/২০২২ইং তারিখে ঘটনার স্থান ও সময়ে ১/২/৩নং আসামীগণ রাস্তা সংলগ্ন ও মূল্যবান জমি সমূহ ভরাট করিয়া গৃহ নির্মানের কাজ আরম্ভ করে এবং অপর ভ্রাতা-ভগ্নীগণ বাঁধা প্রদান করিলে ১/২/৩/৪নং প্রতিপক্ষগণ কতিপয় অজ্ঞাতনামা সন্ত্রাসী নিয়া আসিয়া বাদীসহ অপর ভ্রাতা ভগ্নীগণকে মারধরের চেস্টা করে, স্থানীয় বাসিন্দাগণ বাদী এবং ১/২/৪নং স্বাক্ষীগণকে রক্ষা করে। ১/২/৩/৪নং প্রতিপক্ষগণ কেউ কাজে বাঁধা দিলে প্রকাশে হুমকি ধমকি প্রদান করিতেছে। তাই এই মর্মে প্রার্থী বাঁধা প্রদান করিতে গেলে শান্তি ভঙ্গের আশংকা রহিয়াছে, এমন কী খুনাখুনি হওয়ার সম্ভবনা রহিয়াছে। এমতাবস্থায় যে কোন সময় নিম্ন তপশীলোক্ত সম্পত্তিতে শান্তি শৃংখলা ভঙ্গ হওয়ার আশঙ্কা বিদ্যমান থাকায় ন্যায় বিচারের স্বার্থে নিম্ন তপশীলোক্ত সম্পত্তিতে ফৌঃ কাঃ বিঃ আইনের ১৪৫ ধারা মতে আইনগত ব্যবস্থা গ্রহণ করা একান্ত আবশ্যক।

অতএব, বিনীত প্রার্থনা উপরোক্ত কারণাদি বিবেচনা করিয়া নিম্ন তপশীলের সম্পত্তিতে প্রতিপক্ষগণের বিরুদ্ধে ফৌজদারি কার্যবিধি আইনের ১৪৫ ধারা মতে আইনগত ব্যবস্থা গ্রহণের আদেশ দানে বিহীত মর্জি হয়। ইতি তাং-

<u>তফশীল নালিশী ভূমির পরিচয়ঃ</u>

জেলা- ফেনী, থানা- ফেনী সদর, মৌজে- রুহিতিয়া মধ্যে সি/এস- ৭৯নং খতিয়ান, বি/এস খতিয়ান ১৫০, ডিপি-১০৬২, হাল দাগ ২০৭৩, ২০৯৩, ২০৯৫, ২০৯৯, ২১০১, ২১০২, ২১০৫ দাগে মোট ১৫৫ ডিং আন্দর ১১৩ ডিং এজমালি ভূমি।

বিবাদমান ২১০১ দাগের চৌহদ্দিঃ যাহার,

উত্তরেঃ আবদুল বারীক, দক্ষিনেঃ আবদুল বারীক,

পূর্বেঃ আবদুল বারীক, পশ্চিমেঃ জহুরুল হক ভূঁইয়া,